

স্মারক নং-০৫.৪৬.৫৮০০.০০৯.০১১.০১.১৬-৫৮৫

তারিখঃ ২৫/০৪/২০১৮ খ্রিস্টাব্দ।

“ নিয়োগ বিজ্ঞপ্তি ”


ভূমি মন্ত্রণালয়ের ০১/০৩/২০১৮ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০২২.১৭.২৫নং স্মারকমূলে জারীকৃত ছাড়পত্রের আলোকে জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর রাজস্ব প্রশাসনের আওতাভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১.	অফিস সহায়ক	৮,২৫০/- - ২০,০১০/- (গ্রেড-২০)	২৫(পঁচিশ) টি	নূন্যতম অষ্টম শ্রেণি।

আবেদনের শর্তাবলীঃ

০১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২. প্রার্থীকে ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী তথ্যাদিসহ আবেদন করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ঘষামাজা আবেদন গ্রহণযোগ্য নয় এবং তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৩. সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরমে জেলা প্রশাসক, মৌলভীবাজারকে সম্বোধন করে আগামী ২৭/০৫/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, মৌলভীবাজার এর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনগ্রহণ গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণযোগ্য নয়।
০৪. খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
০৫. নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.forms.gov.bd ওয়েব সাইটে এবং জেলা প্রশাসক, মৌলভীবাজার এর ওয়েব সাইটে www.moulvibazar.gov.bd ও জেলা প্রশাসক, মৌলভীবাজার এর কার্যালয়ের রাজস্ব শাখা/তথ্য সেবা কেন্দ্র/হেল্প ডেস্ক হতে সংগ্রহ করা যাবে।
০৬. প্রার্থীর বয়স সীমা ২৭/০৫/২০১৮ খ্রিস্টাব্দ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে শহিদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স নিরূপণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
০৭. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। আবেদনের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
০৮. লিখিত/মৌখিক পরিক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
০৯. আবেদন পত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
  - ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ৫x৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে (সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিসূক্ত স্পষ্ট সীল থাকতে হবে);
  - খ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর সত্যায়িত প্রতিলিপি (১ম শ্রেণি কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত);
  - গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত প্রতিলিপি (১ম শ্রেণি কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত);
  - ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্র;
  - ঙ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সন্তান-সন্ততির পিতা-মাতা অথবা পিতা-মাতা এর পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র (১ম শ্রেণি কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত);
  - চ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক নূন্যতম ৯ম গ্রেডের সরকারি কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
  - ছ) পরীক্ষার ফি বাবদ ট্রেজারি চালানের মাধ্যমে কোড নং- ১-৪৬৩১-০০০০-২০৩১ তে ৫০/- (পঞ্চাশ) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূল কপি (প্রথম কপি) আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;
  - জ) পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত অব্যবহৃত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাক টিকেট লাগানো ০১(এক)টি ১০" x ৪.৫" ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
১০. সরকারি নীতিমালা অনুযায়ী শহিদ মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান-সন্ততি/মহিলা/আনসার-ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্রের সত্যায়িত কপি (১ম শ্রেণি কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত) আবেদনের সাথে দাখিল করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে গণ্য করা হবে।
১১. কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে

- আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২. প্রার্থীর মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ (যদি থাকে) সহ সকল প্রকার সনদ ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূল কপি উপস্থাপন/দাখিল করতে হবে।
  ১৩. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে।
  ১৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। এ বিষয়ে কারো কোন আপত্তি/ওজর গ্রহণযোগ্য হবে না।
  ১৫. কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
  ১৬. নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকুরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।
  ১৭. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।
  ১৮. আবেদনপত্র/বাতিল ও নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয় কোন আপত্তি/ওজর উত্থাপন করা যাবে না।
  ১৯. নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


  
 (মো: তোফায়েল ইসলাম)  
 জেলা প্রশাসক  
 মৌলভীবাজার।  
 ফোন-০৮৬১-৬৩২০২  
[www.moulvibazar.gov.bd](http://www.moulvibazar.gov.bd)

স্মারক নং-০৫.৪৬.৫৮০০.০০৯.০১১.০১.১৬-৫৮৬

তারিখঃ ২৫/০৪/২০১৮ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।  
অনুলিপি : জ্ঞাতার্থে ও বহল প্রচারের জন্য প্রেরণ করা হলো।
৫. জেলা প্রশাসক,.....(সকল)।
৬. পুলিশ সুপার, মৌলভীবাজার।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার।
৮. সিভিল সার্জন, মৌলভীবাজার।
৯. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব/সার্বিক), অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।
১০. উপজেলা নির্বাহী অফিসার,.....মৌলভীবাজার(সকল)।
১১. মেয়র, মৌলভীবাজার/শ্রীমংগল/কুলাউড়া/বড়লেখা/কমলগঞ্জ পৌরসভা।
১২. সহকারী কমিশনার(ভূমি).....(সকল)।
১৩. সহকারী কমিশনার/সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৪. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, মৌলভীবাজার/সিলেট।
১৫. সম্পাদক, .....। উক্ত বিজ্ঞাপনটি ৯৫৫ সাইজের ভিতরের পাতায় ০১(এক) দিনের জন্য তার পত্রিকায় স্বল্প পরিসরে প্রকাশ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ৫(পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১৬. সাব-রেজিস্টার,.....(সকল)।
১৭. পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, মৌলভীবাজার।
১৮. জেলা হিসাব রক্ষণ অফিসার, মৌলভীবাজার।
১৯. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার।
২০. জেলা নাজির, সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

  
 ২৫.০৪.১৮  
 জেলা প্রশাসক  
 মৌলভীবাজার।